অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/13/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) ঘোষণা করলেন নিউ ইয়র্ক স্টেটে সাশ্রয়ী ব্রডব্যান্ড অ্যাক্সেস বাড়ানোর জন্য 644 মিলিয়ন মার্কিন ডলারের জন্য আবেদনপত্র গ্রহণ করা CONNECTALL শুরু করেছে

ConnectALL Deployment প্রোগ্রামটি অ্যাক্সেসহীন বাসা ও ব্যবসাকে নির্ভরযোগ্য উচ্চগতির ইন্টারনেটের সাথে কানেক্ট করবে

ইউনিভার্সাল ব্রডব্যান্ড অ্যাক্সেস, একটি শক্তিশালী ইন্টারনেট মার্কেটপ্লেস, এবং ডিজিটাল ডিভাইড দূর করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) অঙ্গীকারকে অগ্রসর করবে

যোগ্য আবেদনকারীদেরকে অবশ্যই 7 ফেব্রুয়ারি, রাত 11:59 ইস্টার্ন টাইমের মধ্যে প্রস্তাবনা জমা দিতে হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ConnectALL Deployment প্রোগ্রামের অধীনে আবেদনের জন্য অনুরোধ (Request for Applications, RFA) প্রকাশ করার ঘোষণা দিয়েছেন যা নিউ ইয়র্ক স্টেটের (New York State) অবশিষ্ট যেসব বাসা ও ব্যবসায় নির্ভরযোগ্য ব্রডব্যান্ড অপশন নেই বা অন্য কোনো প্রোগ্রামের অধীনে সেবা পাওয়ার জন্য বিদ্যমান অঙ্গীকারের অধীনে নেই তাদের জন্য সাশ্রয়ী, উচ্চগতির ব্রডব্যান্ড অ্যাক্সেস দিতে 644 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল উপলভ্য করবে। ConnectALL এমন 69,111টি অবস্থান সনাক্ত করেছে যা এই আবেদনের জন্য অনুরোধের অধীনে নতুন সেবা পাওয়ার জন্য যোগ্য হবে, এবং এইসব যাওয়া-কঠিন অবস্থানের বাসা ও ক্ষুদ্র ব্যবসায় নতুন ব্রডব্যান্ড সেবা যাতে কম খরচের সেবার অপশনের জন্য বাধ্যবাধকতার মাধ্যমে সকল নিউ ইয়র্কবাসীর জন্য অ্যাক্সেসিবল ও সাশ্রয়ী উভয়ই হয় তা নিশ্চিত করার জন্য ব্যবস্থা নেওয়া হবে। ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ডিপার্টমেন্ট অফ কমার্সের (Department of Commerce) ন্যাশনাল টেলিকমিউনিকেশন্স অ্যান্ড ইনফর্মেশন অ্যাডমিনিস্ট্রেশনের (National Telecommunications and Information Administration, NTIA) Broadband Equity, Access, and Deployment (BEAD) প্রোগ্রাম, যা 2021 সালের Bipartisan Infrastructure Law-এর অংশ, তার থেকে নিউ ইয়র্কের জন্য বরাদ্দ করা 664.6 মিলিয়ন মার্কিন ডলারের সবথেকে বড় অংশ এই তহবিলে রয়েছে।

"আজকের দুনিয়ায় উচ্চগতির ইন্টারনেট ইলেক্ট্রিসিটির মতোই আবশ্যক, এটি শিক্ষা, চাকরি, স্বাস্থ্যসেবা, এবং পরিবার ও বন্ধুদের সাথে যোগাযোগ রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের স্টেটের প্রত্যেক কমিউনিটিকে সাশ্রয়ী, সমতার এবং অ্যাক্সেসিবল ইন্টারনেটের সাথে যুক্ত করার জন্য এবং আমাদের ডিজিটাল ভবিষ্যৎ থেকে কোনো নিউ ইয়র্কবাসী যাতে বাদ না পরে তা নিশ্চিত করার জন্য এই তহবিলটি আরেকটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "এই প্রোগ্রামটি হলো নিউ ইয়র্ক স্টেটের প্রত্যেক কোণায় ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার বাড়ানোর জন্য আমাদের মিশনের একটি অতি গুরুত্বপূর্ণ মুহূর্তের প্রতিনিধি। সরকারি-বেসরকারি পার্টনারশিপ এবং টার্গেটেড বিনিয়োগ সম্ভব করার মাধ্যমে আমরা দীর্ঘস্থায়ী অর্থনৈতিক সুযোগ তৈরি করবো এবং আমাদের কমিউনিটিগুলির মধ্যে সংযোগ জোরদার করবো, নিউ ইয়র্ককে ব্রডব্যান্ড অ্যাক্সেসিবিলিটির দিক দিয়ে জাতীয় নেতা হিসেবে প্রতিষ্ঠিত করবো।"

ConnectALL Deployment প্রোগ্রামের মাধ্যমে 644 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে

ConnectALL Deployment প্রোগ্রামের আবেদনের জন্য অনুরোধ নিউ ইয়র্ক স্টেটের Broadband Deployment Initial Proposal-কে বাস্তবায়ন করে, যেখানে কার্যকরভাবে Broadband Equity, Access, and Deployment প্রোগ্রামের তহবিল বিনিয়োগ করার কৌশল আউটলাইন করা আছে যাতে বেসরকারি বিনিয়োগকে আকৃষ্ট করা যায় এবং সুবিধাহীন ও সুবিধাবঞ্চিত অবস্থানে পৌঁছানো যায়। RFA ইনফ্রাস্ট্রাকচার ও কমিউনিকেশন্স সরঞ্জাম নির্মাণ ও ইনস্টল করার প্রোজেক্টকে তহবিল দিবে যাতে করে নির্ধারিত অনুদানের ক্ষেত্রে যোগ্য অবস্থানগুলিতে উচ্চগতির ইন্টারনেট অ্যাক্সেস দেওয়া যায়। ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার, আঞ্চলিক, কাউন্টি, এবং স্থানীয় নেতাদের, এবং সাধারণ জনগণকে জড়িত করার একটি একাধিক ধাপের প্রক্রিয়ার মাধ্যমে ConnectALL যোগ্য অবস্থানগুলিকে সনাক্ত করেছে এবং তাদেরকে 308টি প্রোজেক্ট এরিয়াতে ভাগ করেছে। প্রোজেক্ট এরিয়া এবং যোগ্য অবস্থান সম্পর্কে তথ্য ConnectALL-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

যোগ্য আবেদনকারীরা এখানে RFA-এর অ্যাক্সেস পাবে এবং তাদেরকে অবশ্যই 7 ফেব্রুয়ারি, রাত 11:59 ইস্টার্ন টাইমের (Easter Time, ET) মধ্যে প্রস্তাবনা জমা দিতে হবে।   ConnectALL Deployment প্রোগ্রামের প্রিকোয়ালিফিকেশন আবেদন প্রক্রিয়াটি 2024 সালের জুন থেকে সেপ্টেম্বর পর্যন্ত করা হয়েছে, যা সম্ভাব্য অনুদান প্রাপকদের জন্য যোগ্যতার সীমা প্রতিষ্ঠা করেছে। প্রিকোয়ালিফিকেশন প্রক্রিয়া সম্পূর্ণ করেনি এমন অর্গানাইজেশনগুলি তাদের RFA রেস্পন্সের অংশ হিসেবে এইসব ম্যাটেরিয়াল জমা দেওয়ার আরেকটি সুযোগ পাবে।

25 জুলাই, 2025 এর মধ্যে U.S. ডিপার্টমেন্ট অফ কমার্সের ন্যাশনাল টেলিকমিউনিকেশন্স অ্যান্ড ইনফর্মেশন অ্যাডমিনিস্ট্রেশনের কাছে জমা দেওয়ার আগে ConnectALL 2025 সালের বসন্তে জনগণের মন্তব্যের জন্য পরিকল্পিত অ্যাওয়ার্ডগুলি প্রকাশ করবে। নির্বাচিত প্রোজেক্টগুলির কাজ 2025 সালে শুরু হবে এবং চার বছরের মধ্যে শেষ হবে বলে আশা করা

যাচ্ছে, এটি NTIA-এর অনুমোদনের উপর নির্ভর করবে এবং BEAD-এর টাইমলাইন আবশ্যিকতার উপর ভিত্তি করে হবে।

নিউ ইয়র্কের ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার বড় করা

- আরো সমতার একটি নিউ ইয়র্ক তৈরির জন্য গভর্নর Hochul (হোকল) ব্রডব্যান্ড অ্যাক্সেস বাড়ানোকে তার অ্যাডমিনিস্ট্রেশনের চেষ্টাগুলির একটি কেন্দ্রীয় ভিত্তি করেছেন। স্টেটের ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচার বদলে দিতে, সেবাদানকারীদের মধ্যে প্রতিযোগিতা বাড়াতে, এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর কাছে নির্ভরযোগ্য, সাশ্রয়ী উচ্চগতির ইন্টারনেট অ্যাক্সেস আছে তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেট ConnectALL উদ্যোগের মাধ্যমে 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করছে। আজ পর্যন্ত, ConnectALL ব্রডব্যান্ড অ্যাক্সেসের অগ্রগতির জন্য বেশ কয়েকটি কর্মসূচির সফল প্রবর্তন ও বাস্তবায়ন করেছে, যার মধ্যে রয়েছে:

  -Municipal Infrastructure প্রোগ্রামটি পুরো স্টেটে মিউনিসিপ্যাল ব্রডব্যান্ড নেটওয়ার্ক অ্যাক্সেস খোলার জন্য নির্মাণকাজ সমর্থন করতে 224 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দিয়েছে। মূলত American Rescue Plan-এর ক্যাপিটাল প্রোজেক্টস ফান্ডের অধীনে U.S. ডিপার্টমেন্ট অফ দ্য ট্রেজারির (Department of the Treasury) অর্থায়িত এই প্রোগ্রামটি অনেক ধরণের মডেলের মিউনিসিপ্যাল ব্রডব্যান্ডের এবং সরকারি-বেসরকারি পার্টনারশিপের ব্যবস্থা করে যাতে নিউ ইয়র্কবাসীকে সাশ্রয়ী, উচ্চমানের সেবার অপশন দেওয়া যায়। Beta ConnectALL Projects Dashboardটি Municipal Infrastructure প্রোগ্রামের তহবিল পাওয়া প্রোজেক্টগুলির সম্পর্কে বিস্তারিত তথ্য দেয়।
  -ডিজিটাল ডিভাইড দূর করতে নিউ ইয়র্ক স্টেটের Digital Equity Plan বাস্তবায়ন করার জন্য Digital Equity প্রোগ্রাম 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যার মধ্যে কমপক্ষে 37 মিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল বরাদ্দ আছে। প্ল্যানটি ডিজিটাল লিটারেসি এবং ডিজিটাল চাকরির প্রস্তুতির দক্ষতা উন্নত করতে, সাশ্রয়ী মূল্যের ইন্টারনেট এবং ডিভাইসের অ্যাক্সেস আরো সহজ করতে, ডিজিটাল প্রাইভেসি এবং সুরক্ষা বাড়াতে, এবং ইন্টারনেটের মাধ্যমে সরকারী সেবা আরো অ্যাক্সেসিবল করতে নিউ ইয়র্কের স্টেট ব্যাপী কৌশলের আউটলাইন দেয়।
  -Affordable Housing Connectivity প্রোগ্রামটি সাশ্রয়ী এবং পাবলিক হাউজিংয়ে নতুন ব্রডব্যান্ড ইনফ্রাস্ট্রাকচার আনতে U.S. ট্রেজারি ডিপার্টমেন্টের ক্যাপিটাল প্রোজেক্টস ফান্ড থেকে পাওয়া 100 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল বিনিয়োগকে কাজে লাগবে। কর্মসূচিটি বর্তমানে ইন্টারনেট সেবা প্রদানকারীদের থেকে আবেদন এবং আবাসনের মালিক ও সরকারি আবাসন কর্তৃপক্ষের কাছ থেকে আগ্রহের প্রকাশ গ্রহণ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন